



অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর আমন্ত্রণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের উদ্যোগে ২৪ সেপ্টেম্বর ২০২২-শনিবার সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলে অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়। এসময় হলের প্রভোস্ট অধ্যাপক ড. শামীমা বেগম, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল সহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ঢাকা জোন-১ এর কমান্ডার মো: বজলুল রশিদের নেতৃত্বে হলের শিক্ষার্থীদের সরাসরি, ভার্চুয়ালি এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অগ্নি নির্বাপন বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়।